দৈনিক ইত্তেফাক
তারিখ 27 JUN 2008
পৃঃ 20 কলাম 8

# শতভাগ পাস করেছে ২২৭২টি প্রতিষ্ঠান

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

এ বছর দেশের ২২৭২টি প্রতিষ্ঠান শতভাগ পাসের গৌরব অর্জন করেছে। এর মধ্যে ৪৮৪টি স্কুল, ১৭৭০টি মদ্রাসা এবং ১৮টি ভোকেশনাল স্কুল। গত বছর শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৭৭৪টি। এ বছর শতভাগ পাসের মধ্যে ঢাকা বোর্ডে ১৮৫টি স্কুল, রাজশাহীতে ৭১টি, কুমিল্লায় ৭২টি, যশোরে ৫৮টি, চট্টগ্রামে ৭১টি, বরিশালে ৫৭টি ও সিলেটে ১০টি স্কুল। গত বছরের তুলনায় এ বছর ১৪৯৮টি বেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতভাগ পাস করেছে।

# ৯১ শিক্ষা প্রতিষ্ঠানে কেউ পাস করেনি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সারাদেশের ৯১টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ উত্তীর্ণ হয়নি। এর মধ্যে ৩৪টি স্কুল, ৪০টি মাদ্রাসা এবং ১৭টি ভোকেশনাল প্রতিষ্ঠান। গত বছর কেউ উত্তীর্ণ হয়নি এমন প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৪৮। এছাড়া স্কুলের সংখ্যা ছিল ৫৫। এ বছর স্কুলগুলোর মধ্যে ঢাকা বোর্ডের ৬টি, রাজশাহীর ৮টি, যশোরের ৪টি, চট্টগ্রামের ২টি, বরিশালের ১১টি এবং সিলেটের ১১টি স্কুলের মধ্যে কেউ পাস করেনি। তবে কুমিল্লা বোর্ডে শূন্য পাস কোন স্কুল নাই।